

জানায়ার বিধিবিধান

বিভাগ/অধ্যায়: জানায়ার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সম্প্রকাশক: শাইখ মুহাম্মদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৪: জানায়ার ছালাতের পদ্ধতি কি?

জানায়ার ছালাতের পদ্ধতি: মৃতকে মুছল্লীদের সামনে রাখতে হবে। মৃত পুরুষ হলে ইমাম মাথা বরাবর দাঁড়াবেন আর মহিলা হলে দাঁড়াবেন মাঝ বরাবর। অতঃপর প্রথম তাকবীর দিয়ে সূরা ফাতিহা পড়বেন, দ্বিতীয় তাকবীর দিয়ে দরুদ শরীফ পড়বেন এবং তৃতীয় তাকবীর দিয়ে মৃতের জন্য দো'আ করবেন।

«اللَّهُمَّ اغْفِرْ لِحَيَّنَا وَمَيِّتَنَا وَسَاهِدَنَا وَغَائِبَنَا وَصَغِيرَنَا وَكَبِيرَنَا وَذَكَرَنَا وَأَنْثَانَا، اللَّهُمَّ مَنْ أَحْيَتْنَاهُ مِنْ أَحْيِيْتُهُ مِنَ الْإِسْلَامِ، وَمَنْ تَوْفَّيْتَهُ مِنَ فَتْوَفَّهُ عَلَى إِيمَانٍ، اللَّهُمَّ لَا تَحْرِمْنَا أَجْرَهُ، وَلَا تَفْتَنَّ بَعْدَهُ»

এই সাধারণ দো'আটি পড়বেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত মৃতের জন্য বিশেষ দো'আ পড়বেন। তা সম্ভব না হলে অন্য যে কোন দো'আর মাধ্যমে তার জন্য দো'আ করবেন। মোদাকথাৎ: মৃত ব্যক্তির জন্য খাচ কিছু দো'আ করবেন। কেননা সে দো'আর খুব বেশী মুখাপেক্ষী। অতঃপর চতুর্থ তাকবীর দিয়ে সামান্য একটু অপেক্ষা করে সালাম ফিরাবেন। কোন কোন বিদ্বান বলেন, চতুর্থ তাকবীরের পরে

﴿رَبَّنَا آتَنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقَنَا عَذَابَ النَّارِ﴾ [সূরা বকরা: 136]

দো'আটি পড়বেন। আর পঞ্চম তাকবীর দিলে কোন সমস্যা নেই; বরং সেটিও সুন্নাত সম্মত। [1] সেজন্য মাঝে মাঝে পঞ্চম তাকবীর দেওয়া উচিত, যাতে এই সুন্নাতটি বিলুপ্ত না হয়ে যায়। তবে যদি তিনি পঞ্চম তাকবীর দেওয়ার নিয়ত করেন, তাহলে দো'আ চতুর্থ ও পঞ্চম তাকবীরে ভাগ করে পড়বেন। আল্লাহই ভাল জানেন।

ফুটনোট

[1]. মুসলিম, ‘জানায়া’ অধ্যায়, হা/৯৫৭।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=1661>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন